**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**
**জেলা লিগ্যাল এইড অফিসারের কার্যালয়**
**জেলা লিগ্যাল এইড অফিস, সুনামগঞ্জ।**

স্মারক নং                                        তারিখ ঃ- ১৬/০২/২০১৭ খ্রিঃ।

প্রেরক ঃ
ঝলক রায়
জেলা লিগ্যাল এইড অফিসার, সুনামগঞ্জ।

প্রাপক ঃ
সভাপতি
জেলা আইনজীবী সমিতি, সুনামগঞ্জ।

বিষয়ঃ দেওয়ানী মামলা পরিচালনার নিমিত্ত আগ্রহী আইনজীবীগণের নিকট হইতে দরখাস্ত আহ্বান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

জনাব,

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, জেলা কমিটি, সুনামগঞ্জ এর গত ২৬/০১/২০১৭ খ্রিঃ তারিখের মাসিক সভায় লিগ্যাল এইডের দেওয়ানী মামলা পরিচালনার জন্য আগ্রহী বিজ্ঞ আইনজীবীদের নিকট হতে মাননীয় চেয়ারম্যান, জেলা কমিটি, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সুনামগঞ্জ বরাবর দরখাস্ত আহ্বানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। দেওয়ানী মামলা পরিচালনার জন্য আগ্রহী বিজ্ঞ আইনজীবীগণকে আগামী ১৬/০৩/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে জেলা কমিটির মাননীয় চেয়ারম্যান বরাবর প্যানেল আইনজীবী হিসেবে অর্ন্তভূক্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য যে, জাতীয় আইনগত সহায়তা আইন, ২০০০ এর ১৫(২) অনুযায়ী, জেলা আদালতে মামলা পরিচালনায় অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আইনজীবীগণ লিগ্যাল এইড প্যানেল আইনজীবী হিসেবে অর্ন্তূক্তির জন্য দরখাস্ত প্রদান করতে পারবেন।

এতদ্‌বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সাঃ/-
(ঝলক রায়)
জেলা লিগ্যাল এইড অফিসার
সুনামগঞ্জ।